দৈনিক বাংলা

তারিখ ... 16.9.84 ...
পৃষ্ঠা ... কলাম ...

043

## শিক্ষায় নতুন জীবন

শিক্ষা মন্ত্রণালয় থেকে শিক্ষায় নতুন জীবন ও নিউ লাইফ ইন এডুকেশান নামে দুটি পুস্তিকা ইংরেজী ও বাংলায় প্রকাশিত হয়েছে। পুস্তিকায় বলা হয়, বর্তমান সরকার যেভাবে শিক্ষাকে অগ্রাধিকার ও গুরুত্ব দিচ্ছেন ইতিপূর্বে তা কখনও দেয়া হয়নি। উদাহরণ স্বরূপ বলা হয়েছে। ১৯৮০-৮১ সালে শিক্ষাখাতে বার্ষিক ব্যয় বরাদ্দের পরিমাণ ছিল ২৮৫.৪১ কোটি টাকা তা ১৯৮৪-৮৫ সালে ৫৯১.৪৭ টাকায় উন্নীত করা হয়েছে।

এছাড়া পুস্তিকায় শিক্ষা ক্ষেত্র বিশেষতঃ প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক, কলেজ, মাদ্রাসা, কারিগরী ও বিশ্ববিদ্যালয় শিক্ষার ব্যাপারে যে সব সংস্কারমূলক পদক্ষেপ নেয়া হয়েছে, তার বিস্তারিত বিবরণ দেয়া হয়েছে। খবর বিজ্ঞপ্তির।